



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭
সংস্থাপন শাখা, রেজিস্ট্রার অফিস।



নম্বর: ৩৭.০১.৩৩০৪.১৫১.০৫.০০১.২৩.৪৩৮

৮ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত “ইনোভেশন টিম” (মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং-০৪.০০.০০০০.২৩২.০০৬.১৩-১৮; তারিখ : ০৮ এপ্রিল, ২০১৩খ্রি. অনুযায়ী স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/২৪৩/০৩(অংশ নথি-১৩)/২৯৬৯; তারিখ : ২৯/১১/২০২১খ্রি. মোতাবেক গঠিত কমিটিকে পুনঃগঠন করা হইল:-

১। পরিচালক (ছাত্র কল্যাণ)	ইনোভেশন অফিসার
২। অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম, পুরকৌশল বিভাগ	সদস্য
৩। অধ্যাপক ড. মোঃ ফজলুল হাসান সিদ্দিকী, সিএসই বিভাগ	সদস্য
৪। অধ্যাপক ড. উম্মে রায়হান, রসায়ন বিভাগ	সদস্য
৫। অধ্যাপক ড. একেএম জাকারিয়া, মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগ	সদস্য
৬। অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলাম, যন্ত্রকৌশল বিভাগ	সদস্য
৭। জনাব মোঃ মর্তুজা হোসেন, সহকারী, আইআইসিটি	সদস্য
৮। প্রকৌশলী সোলাইমান আহমেদ, কম্পি: প্রোগ্রামার/ডাটাবেজ প্রোগ্রামার, আইসিটি সেল	সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট
৯। জনাব মোঃ মোসাব্বীর হোসেন, সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	বিকল্প ফোকাল পয়েন্ট
আইআইসিটি	

ইনোভেশন টিমের কার্যপরিধি :

- ১) অত্র বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
 - ২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
 - ৩) প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
 - ৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
- ১) প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা।

১ অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- ১) অত্র বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- ২) পরিবর্তনের রূপকার হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম-সদস্যগণের কর্মস্পৃহার বিকাশ সাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- ৩) নাগরিক সেবা সহজীকরণ (service process simplification) - এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেন চার্টার) যথাযথ বাস্তবায়ন;
- ৪) অত্র বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা;
- ৫) অত্র বিশ্ববিদ্যালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা এবং ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;
- ৬) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- ৭) অত্র বিশ্ববিদ্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- ৮) তথ্য অধিকার আইন অনুসারে অত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয় সাধন; এবং
- ৯) জাতীয় ই-জিফ (eGIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে

আদর্শমানে আনয়ণ (standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।



২৩-১১-২০২৩

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

৮৮০২৪৯২৭৪০০৩

reg_duet@duet.ac.bd

নম্বর:

৮ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ডুয়েট, গাজীপুর;
- ৩। সভাপতি ও সকল সদস্য, সংশ্লিষ্ট কমিটি;
- ৪। সকল-ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।;
- ৫। অধ্যাপক ড. মোহাম্মদ ওয়াসিম দেওয়ান, যন্ত্রকৌশল বিভাগ, ডুয়েট, গাজীপুর;
- ৬। জনাব পৃথ্বী রাজ দে, সহকারী অধ্যাপক, আইপিই বিভাগ, ডুয়েট, গাজীপুর এবং
- ৭। জনাব কে এম উলিল আমর বিন জামান, সহকারী অধ্যাপক, স্থাপত্য বিভাগ, ডুয়েট, গাজীপুর।



২৩-১১-২০২৩

(আবদুল্লাহ আল মাহমুদ)

ডেপুটি রেজিস্ট্রার